কৃত্রিম বুদ্ধিমত্তা যেভাবে বিপণন খাতের ঐতিহ্যগত ধারাকে বদলে দিচ্ছে

লেখক: সৈয়দ হীমঙ্গয়ানউদ্দিন আহমেদ | প্রকাশিত: 15 October 2026, 12:22 PM | বিভাগ: মার্কেটিং

বিপণন জগতের সবচেয়ে বড় পরিবর্তনগুলো সবসময় নতুন কোনো বিজ্ঞাপনমাধ্যমের আবির্ভাবের কারণে ঘটেনি, বরং ঘটেছে মানুষ কীভাবে তথ্য খোঁজে, সিদ্ধান্ত নেয় এবং কোন ব্র্যান্ডকে বিশ্বাস করে তার পরিবর্তনের কারণে। এক সময় সংবাদপত্র, টেলিভিশন ও বিলবোর্ড ছিল মানুষের কাছে পৌঁছানোর প্রধান পথ। পরে ইন্টারনেট, সার্চ ইঞ্জিন এবং সামাজিক যোগাযোগমাধ্যম সেই বাস্তবতাকে পাল্টে দেয়। এখন কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই সেই পরিবর্তনকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাচ্ছে। পার্থক্য হলো, এবার শুধু মাধ্যম বদলাচ্ছে না বিপণনের সিদ্ধান্ত গ্রহণ, কনটেন্ট তৈরি, গ্রাহক নির্বাচন এবং ফলাফল বিশ্লেষণের পদ্ধতিটিও বদলে যাচ্ছে।

বিশ্বব্যাপী রূপান্তর: মানবকেন্দ্রিক প্রচারণা থেকে স্বায়ত্তশাসিত বিপণন

ডিজিটাল বিজ্ঞাপনের সূচনালগ্নের পর বিপণন খাত বর্তমানে তার সবচেয়ে মৌলিক কাঠামোগত পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। ২০২৬ সালের গার্টনার হাইপ সাইকেল ফর ডিজিটাল মার্কেটিং-এর আলোচনায় যে প্রবণতাটি স্পষ্ট হয়ে উঠছে, তা হলো মানুষের প্রত্যক্ষ পরিচালনায় পরিচালিত প্রচারণা থেকে বিপণন ক্রমেই স্বায়ত্তশাসিত ও এজেন্ট-ড্রিভেন ব্যবস্থার দিকে এগোচ্ছে। একই সময়ে গ্রাহকের আচরণেও বড় পরিবর্তন ঘটছে। মানুষ এখন শুধু সার্চ ইঞ্জিনে গিয়ে তথ্য খুঁজছে না, কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক এ্যানসার ইঞ্জিন বা উত্তর প্রদানকারী প্লাটফর্মের কাছেও সরাসরি প্রশ্ন করছে এবং উত্তর অনুযায়ী সিদ্ধান্ত নিচ্ছে। ফলে একটি ব্র্যান্ডের জন্য শুধু সার্চে পাওয়া যাওয়া উত্তরই যথেষ্ট নয়, বরং কৃত্রিম বুদ্ধিমত্তা যে উত্তর তৈরি করছে, সেখানে ব্র্যান্ডটি কীভাবে উপস্থাপিত হচ্ছে সেটিও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

এই পরিবর্তনের গতি বোঝা যায় কৃত্রিম বুদ্ধিমত্তা গ্রহণের বৈশ্বিক চিত্র থেকে। ওয়ার্ল্ড ফেডারেশন অব এ্যাডভার্টাইজারস-এর তথ্যমতে, বিশ্বের শীর্ষস্থানীয় ব্র্যান্ডগুলোর ৯৬ শতাংশ এখন তাদের বিপণন ব্যবস্থায় কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করছে, যেখানে ২০২৩ সালে এই হার ছিল ৪৫ শতাংশ। গার্টনার-এর পূর্বাভাস অনুযায়ী, ২০২৮ সালের মধ্যে ৬০ শতাংশ ব্র্যান্ড এজেন্টিক এআই ব্যবহার করতে পারে যে ব্যবস্থায় কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু পরামর্শ দেবে না, বরং নির্দিষ্ট পরিস্থিতিতে সিদ্ধান্ত নিয়ে তা বাস্তবায়নও করতে পারবে। অর্থাৎ বিপণনের ভবিষ্যৎ কেবল অটোমেশন নয়, বরং অটোনোমির দিকে এগোচ্ছে।

এই রূপান্তরের পেছনে তিনটি শক্তি বিশেষভাবে কাজ করছে। প্রথমত, জেনারেটিভ এআই কনটেন্ট তৈরির সময় ও ব্যয় নাটকীয়ভাবে কমিয়ে দিয়েছে। আগে একটি বিজ্ঞাপনের জন্য আলাদা কপিরাইটার, ডিজাইনার, ভিডিও নির্মাতা ও সংশ্লিষ্ট পেশাজীবীর প্রয়োজন হতো, এখন একই কাজের একটি বড় অংশ কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে অনেক দ্রুত করা সম্ভব। ফলে একই সময়ে অনেক বেশি কনটেন্ট তৈরি এবং বিভিন্ন ধরনের গ্রাহকের জন্য ব্যক্তিগতকরণ করা যাচ্ছে।

দ্বিতীয়ত, এজেন্টিক এবং মাল্টি-এজেন্টিক এআই-এর বিকাশ বিপণনের সিদ্ধান্ত গ্রহণকে আরও গতিশীল করছে। ভবিষ্যতের একটি বিপণন ব্যবস্থা এমন হতে পারে যেখানে একটি কৃত্রিম বুদ্ধিমত্তা গ্রাহকের আচরণ বিশ্লেষণ করবে, অন্যটি কনটেন্ট তৈরি করবে, আরেকটি কোন চ্যানেলে কখন যোগাযোগ করা হবে তা নির্ধারণ করবে এবং আরেকটি ফলাফল পরিমাপ করে পরবর্তী পদক্ষেপ সাজাবে। অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা তখন আর কেবল একটি টুল নয়, বরং বিপণন দলের এক ধরনের ডিজিটাল সহকর্মী।

তৃতীয়ত, সার্চ-এর প্রকৃতিই বদলে যাচ্ছে। লার্জ ল্যাংগুয়েজ মডেল বা এলএলএম-ভিত্তিক এ্যানসার ইঞ্জিন-এর যুগে গ্রাহক অনেক সময় দশটি ওয়েবসাইট ঘুরে সিদ্ধান্ত নেওয়ার পরিবর্তে একটি কৃত্রিম বুদ্ধিমত্তাকে প্রশ্ন করছেন। এর ফলে বিপণনকারীদের শুধু মানুষের জন্য নয়, এআই ইন্টারমেডিয়ারীর

জন্যও তথ্যকে বোধগম্য, নির্ভরযোগ্য ও প্রাসঙ্গিক করে তুলতে হবে। এই পরিবর্তন নিঃসন্দেহে এসইও'র প্রচলিত ধারণাকেও নতুনভাবে ভাবতে বাধ্য করছে।

ব্রেজে এআই ডিসিশনিং স্টুডিও-এর মতো প্লাটফর্মগুলো রিয়েল-টাইম রিইনফোর্সমেন্ট লার্নিং ব্যবহার করে গ্রাহকের অভিজ্ঞতাকে আরও গতিশীল করার চেষ্টা করছে। একইভাবে অ্যাডোবি মার্কেটিং এজেন্ট ফর চ্যাটজিপিটি এন্টারপ্রাইজ-এর মতো উদ্যোগ দেখাচ্ছে যে কৃত্রিম বুদ্ধিমত্তা ধীরে ধীরে প্রচারণা পরিকল্পনা, ব্যক্তিগতকরণ এবং অপ্টিমাইজেশনের ভেতরেই প্রবেশ করছে। অর্থাৎ বিপণন প্রযুক্তি আর শুধু মানুষের দেওয়া নির্দেশ বাস্তবায়ন করছে না, ক্রমেই কৌশল নির্ধারণের অংশীদার হয়ে উঠছে।

ঐতিহ্যগত বিপণনের সীমাবদ্ধতা: যা বদলে যাচ্ছে

এআই-এর পরিবর্তনের মাত্রা বুঝতে হলে আগে বুঝতে হবে এটি কী ধরনের ব্যবস্থাকে চ্যালেঞ্জ করছে। গত দুই দশকের মার্কেটিং অটোমেশন মূলত নির্দিষ্ট নিয়ম, লীড-বেসড ওয়ার্কফ্লো, ইমেইল ক্যাম্পেইন এবং সিআরএম-নির্ভর কাঠামোর ওপর দাঁড়িয়ে ছিল। একজন সম্ভাব্য গ্রাহক নির্দিষ্ট একটি কাজ করলে একটি নির্দিষ্ট ইমেইল যাবে, নির্দিষ্ট সময় পর আরেকটি মেসেজ যাবে, এবং কাস্টমার জার্নি একটি মোটামুটি পূর্বনির্ধারিত ফানেল অনুসরণ করবে।

এই পদ্ধতি একসময় অত্যন্ত কার্যকর ছিল। কিন্তু সমস্যা হলো, বাস্তব জীবনের মানুষ কোনো ফ্লোচার্ট অনুসরণ করে সিদ্ধান্ত নেয় না। একজন গ্রাহক সকালে একটি বিজ্ঞাপনে আগ্রহী হতে পারেন, দুপুরে সেটি ভুলে যেতে পারেন, সন্ধ্যায় কোনো বন্ধুর পরামর্শে আবার আগ্রহী হতে পারেন এবং পরদিন সম্পূর্ণ ভিন্ন একটি পণ্য কিনতে পারেন। মানুষের আচরণ রৈখিক নয়। অথচ ঐতিহ্যগত অটোমেশনের বড় অংশই ছিল রৈখিক (লিনিয়ার)। এই জায়গাতেই অটোনোমাস এআই-এর শক্তি। লেগ্যাসি সিস্টেমে যেখানে বলে যদি "এ" ঘটে, তাহলে "বি" করো, কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক ব্যবস্থা সেখানে বলতে পারে বর্তমান পরিস্থিতিতে সবচেয়ে সম্ভাবনাময় পদক্ষেপ কোনটি? ফলে ফিক্সড ক্যাম্পেইন-এর পরিবর্তে রিয়েল-টাইম বিহেভিয়রাল সিগন্যালস, ডাইনামিক প্লেবুক এবং অমনিচ্যানেল ইন্টারঅ্যাকশন ক্রমেই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

তবে এর অর্থ এই নয় যে, ঐতিহ্যগত ব্যবস্থার প্রয়োজন শেষ হয়ে গেছে। বরং ভবিষ্যৎ সম্ভবত হাইব্রিড। বিশেষ করে ব্যাংকিং, বীমা বা স্বাস্থ্যসেবার মতো কঠোরভাবে নিয়ন্ত্রিত খাতে নিরীক্ষাযোগ্যতা, জবাবদিহিতা এবং কমপ্লায়েন্স অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা সামনের সারিতে গ্রাহকের সঙ্গে ব্যক্তিগতকৃত যোগাযোগ পরিচালনা করতে পারে, কিন্তু পেছনে নিয়ম-ভিত্তিক ব্যবস্থা (রুল-বেসড সিস্টেম) নিশ্চিত করতে পারে যে সিদ্ধান্তটি প্রতিষ্ঠানের নীতি ও আইন লঙ্ঘন করছে না। ভবিষ্যতের সফল বিপণন ব্যবস্থা তাই এআই সবকিছু প্রতিস্থাপন করছে না (এআই

রিপ্লেসেস এভরিথিং), বরং এআই একটি সুপরিচালিত ব্যবস্থার মধ্যে কাজ করে (এআই ওয়ার্কস উইদিন এ ওয়েল-গভর্নড সিস্টেম)।

বাংলাদেশের বাস্তবতা: সুযোগের পাশাপাশি বড় প্রশ্ন

বাংলাদেশে এই পরিবর্তনের প্রভাব আরও আকর্ষণীয়। দেশের ডিজিটাল অর্থনীতি দ্রুত সম্প্রসারিত হচ্ছে এবং বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি ব্যবসার জন্য ফেসবুক, ইনস্টাগ্রাম, এবং অন্যান্য স্যোশাল-কমার্স প্লাটফর্ম বিপণনের গুরুত্বপূর্ণ মাধ্যম হয়ে উঠছে। একই সঙ্গে বাংলাদেশে একটি বড় ফ্রিল্যান্স ওয়ার্কফোর্স গড়ে উঠছে, যাঁদের উল্লেখযোগ্য অংশ কনটেন্ট রাইটিং, গ্রাফিক ডিজাইন এবং কোডিং-এর মতো কাজে যুক্ত। কিন্তু যে প্রযুক্তি এই কাজগুলোকে সহজ করছে, সেই কৃত্রিম বুদ্ধিমত্তাই আবার একই কাজের একটি বড় অংশকে দ্রুত অটোমেটেড করে দিতে পারে।

এখানে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন উঠে আসে, কৃত্রিম বুদ্ধিমত্তা কি বাংলাদেশের মানুষের কাজ কেড়ে নেবে, নাকি কাজের ধরন বদলে দেবে? সম্ভবত উত্তর দুটোই। যেসব কাজ মূলত রিপিটেটিভ, টেমপ্লেট-বেডস এবং সহজে স্ট্যান্ডার্ডাইজ করা যায়, সেগুলো সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকবে। কিন্তু কৌশল, সৃজনশীলতা, স্থানীয় বাজার সম্পর্কে বোঝাপড়া, গ্রাহক ব্যবস্থাপনা এবং কৃত্রিম বুদ্ধিমত্তার কার্যকর ব্যবহার এসব দক্ষতার মূল্য বরং বাড়তে পারে।

বাংলাদেশের কিছু প্রতিষ্ঠান ইতোমধ্যেই কৃত্রিম বুদ্ধিমত্তার অর্থনৈতিক সম্ভাবনা পরীক্ষা করছে। একটি দেশীয় ফিনটেক স্টার্টআপ প্রথাগত ভিডিও বিজ্ঞাপনের ৮ লাখ টাকার বাজেট এআই জেনারেটেড ভিডিও ব্যবহার করে ১.২ লাখ টাকায় নামিয়ে আনার উদাহরণ দিয়েছে এবং একই সঙ্গে গ্রাহক অর্জনের খরচ (কাস্টমার অ্যাকুইজিশন কস্ট) উল্লেখযোগ্যভাবে কমেছে। অন্যদিকে স্যোশাল স্কয়ার-এর মতো উদ্যোগ ইনফ্লুয়েন্সার মার্কেটিংয়ের বিভিন্ন ধাপ যোগাযোগ, ক্যাম্পেইন প্রোপোজাল, মূল্য নির্ধারণ এবং পারফরমেন্স ট্র্যাকিং এআই-এর মাধ্যমে পরিচালনার চেষ্টা করছে। কিন্তু এসব প্রয়োগের অভিজ্ঞতা একই সঙ্গে একটি গুরুত্বপূর্ণ সীমাবদ্ধতাও সামনে এনেছে- কৃত্রিম বুদ্ধিমত্তা ইঞ্জিনগুলোর বাংলা ভাষায় কাজ করার সক্ষমতা এবং অতিরিক্ত এআই-জেনারেটেড কনটেন্ট-এর কারণে অডিয়েন্স-এর মধ্যে এক ধরনের এআই-সৃষ্ট বিষয়বস্তুজনিত ক্লান্তি (এআই কনটেন্ট ফ্যাটিগ) তৈরি হওয়ার সম্ভাবনা। অর্থাৎ প্রযুক্তি গ্রহণের প্রশ্নটি শুধু আমরা কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করছি কি না এখানে সীমাবদ্ধ নয়। আসল প্রশ্ন হলো, আমরা কতটা ভালোভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করতে পারছি এবং আমাদের বাস্তবতার সঙ্গে সেটিকে কতটা মানিয়ে নিতে পারছি।

বাংলাদেশের সামনে এখানেই বড় বাধা। স্থানীয় ব্যবসার বড় অংশ নীতিমালা, অবকাঠামো ও অর্থায়নের সীমাবদ্ধতার কথা বলছে। অনেক উদ্যোক্তার এআই টুলস সম্পর্কে গভীর ধারণা নেই। আবার আন্তর্জাতিকভাবে প্রশিক্ষিত এআই মডেল অনেক সময় বাংলাদেশের ভাষা, সংস্কৃতি, সামাজিক আচরণ

এবং ভোক্তার সূক্ষ্ম অনুভূতি যথাযথভাবে বুঝতে পারে না। তাই একটি গ্লোবাল এআই টুল বাংলাদেশে ব্যবহার করলেই স্থানীয় বাজারের সমস্যার সমাধান হবে এমন ধারণা বাস্তবসম্মত নয়। বিশেষ করে ফ্রিল্যান্স ইকোনোমির জন্য এটি একটি সতর্কবার্তা। শুধু রুটিন কনটেন্ট রাইটিং, বেসিক গ্রাফিক ডিজাইন বা পুনরাবৃত্তিমূলক কোডিং (রিপিটেটিভ কোডিং)-এর ওপর নির্ভর করে ভবিষ্যতে টিকে থাকা কঠিন হতে পারে। কিন্তু একজন ফ্রিল্যান্সার যদি কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে দ্রুত সার্চ করতে পারেন, লোকাল কনজ্যুমার ইনসাইট দিতে পারেন, ব্র্যান্ড স্ট্র্যাটেজি তৈরি করতে পারেন এবং এআই-জেনারেটেড আউটপুট-এর মান যাচাই ও উন্নত করতে পারেন, তাহলে তাঁর ভূমিকা বরং আরও মূল্যবান হয়ে উঠতে পারে। ভবিষ্যতের প্রতিযোগিতা সম্ভবত মানুষ বনাম কৃত্রিম বুদ্ধিমত্তা নয়, বরং কৃত্রিম বুদ্ধিমত্তাকে সবচেয়ে ভালোভাবে ব্যবহার করতে পারে এমন মানুষ বনাম কৃত্রিম বুদ্ধিমত্তাকে ব্যবহার করতে না-পারা মানুষ এই জায়গায় দাঁড়াবে।

প্রযুক্তির গতি যত বাড়বে, বিশ্বাসের মূল্যও তত বাড়বে

কৃত্রিম বুদ্ধিমত্তা বিপণনের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলোর একটি প্রযুক্তিগত নয় নৈতিক। একজন গ্রাহকের সম্পর্কে যত বেশি তথ্য কৃত্রিম বুদ্ধিমত্তা জানবে, তাঁর পছন্দ সম্পর্কে তত বেশি ব্যক্তিগতকৃত সিদ্ধান্ত নেওয়া সম্ভব হবে। কিন্তু সেই তথ্য কোথা থেকে এলো, কীভাবে ব্যবহার হলো এবং গ্রাহক তার ওপর কতটা নিয়ন্ত্রণ রাখছেন এসব প্রশ্নের উত্তর না থাকলে পারসোনালাইজড মার্কেটিং খুব সহজেই অনুপ্রবেশকারী মার্কেটিং (ইনট্রুসিভ মার্কেটিং)-এ পরিণত হতে পারে।

বাংলাদেশে তাই এআই মার্কেটিংয়ের প্রসারের সঙ্গে ডেটা প্রাইভেসি, কনটেন্ট অথেনটিসিটি এবং অ্যালগোরিদমিক অ্যাকাউন্টাবিলিটির প্রশ্নও গুরুত্ব পাচ্ছে। সমন্বিত ডেটা প্রোটেকশন ফ্রেমওয়ার্ক-এর ঘাটতি থাকলে গ্রাহকের ব্যক্তিগত তথ্য ঝুঁকিতে পড়তে পারে। একই সঙ্গে এআই-জেনারেটেড ভুয়া বা নিম্নমানের কনটেন্ট-এর বিস্তার ডিজিটাল প্লাটফর্মের ওপর মানুষের আস্থাকে দুর্বল করতে পারে। অ্যালগোরিদমিক বায়াস এবং ব্লাক-বক্স ডিসিশন মেকিং-এর ঝুঁকিও উপেক্ষা করা যায় না। এখানেই একটি মৌলিক সত্য সামনে আসে; বিপণনের শেষ লক্ষ্য প্রযুক্তি প্রদর্শন নয়, বিশ্বাস তৈরি করা।

কৃত্রিম বুদ্ধিমত্তা হয়তো একজন গ্রাহকের পছন্দ খুব দ্রুত বুঝতে পারে। কিন্তু একজন মানুষ কেন একটি ব্র্যান্ডকে বিশ্বাস করবে তার উত্তর শুধু ডেটা দিয়ে দেওয়া যায় না। সংকটের সময়ে একটি প্রতিষ্ঠান কীভাবে আচরণ করেছে, তার বিজ্ঞাপনে সত্যতা কতটা ছিল, তার প্রতিশ্রুতি কতটা রক্ষা করেছে এসবই দীর্ঘমেয়াদে ব্র্যান্ড-এর মূল্য নির্ধারণ করে। সুতরাং কৃত্রিম বুদ্ধিমত্তা মানুষের আবেগের বিকল্প নয়। বরং কৃত্রিম বুদ্ধিমত্তার সবচেয়ে শক্তিশালী ব্যবহার হতে পারে মানুষের সক্ষমতাকে বাড়িয়ে দেওয়া, মানুষের জায়গা পুরোপুরি দখল করা নয়।

বাংলাদেশের জন্য পথনির্দেশনা

বাংলাদেশের জন্য প্রথম প্রয়োজন স্থানীয় ডেটাবেজ ও কালচারাল ইন্টেলিজেন্স-এ বিনিয়োগ। বৈশ্বিক এআই মডেল-এর ওপর সম্পূর্ণ নির্ভর না করে বাংলা ভাষা, স্থানীয় সংস্কৃতি, কনজ্যুমার বিহেভিয়র এবং বাংলাদেশের বাজারের বাস্তবতা নিয়ে মানসম্মত ডেটাসেট তৈরি করা জরুরি। দ্বিতীয়ত, এআই লিটারেসি-কে শুধু আইটি প্রফেশনালস-এর বিষয় হিসেবে দেখলে চলবে না। উদ্যোক্তা, মার্কেটার, ফ্রিল্যান্সার এবং এসএমই'র সাথে সম্পৃক্ত মালিকপক্ষ সবাইকে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার, যাচাইকরণ, প্রম্পটিং এবং কৌশলগত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে। একই সঙ্গে বাংলা ভাষার ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রসেসিং সক্ষমতা বাড়াতে হবে, যাতে প্রযুক্তি বাংলাদেশের মানুষের ভাষা ও বাস্তবতাকে আরও ভালোভাবে বুঝতে পারে।

তৃতীয়ত, ফ্রিল্যান্সারদের রিস্কিলিং-এর জন্য একটি জাতীয় উদ্যোগ প্রয়োজন। যাঁরা আজ রুটিন কাজ করছেন, তাঁদের আগামী দিনের এআই সহায়তাপুষ্ট কৌশলগত কর্মীবাহিনীতে রূপান্তর করার সুযোগ তৈরি করতে হবে। তাঁদের শুধু কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার শেখানো যথেষ্ট নয়, কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে কীভাবে অধিক মূল্য তৈরি করা যায়, সেটিও শেখাতে হবে। চতুর্থত, নীতিমালা হতে হবে একই সঙ্গে সুরক্ষামূলক এবং উদ্ভাবন-বান্ধব। এআই ইনোভেশন বন্ধ করে দেওয়া কোনো সমাধান নয়, আবার ইনোভেশনের নামে ভোক্তার গোপনীয়তা, বাজারের অখন্ডতা বিসর্জন দেওয়াও গ্রহণযোগ্য নয়। এআই নির্মিত বিজ্ঞাপনের ক্ষেত্রে স্বচ্ছতা, ডেটা সুরক্ষা এবং জবাবদিহিতার একটি সুস্পষ্ট কাঠামো প্রয়োজন।

সবশেষে, বাংলাদেশের প্রতিষ্ঠানগুলোর জন্য হাইব্রিড অপারেটিং মডেলই সবচেয়ে বাস্তবসম্মত পথ হতে পারে। এআই এজেন্ট গতি, স্কেল, এবং পারসোনালাইজেশনের দায়িত্ব নিতে পারে, আর মানুষ নিয়ম-ভিত্তিক ব্যবস্থার তদারকি, কমপ্লায়েন্স, এথিকস এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের দায়িত্বে থাকবে। অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা হবে এক্সেলেটর বা বেগবর্ধক বস্তু, কিন্তু অ্যাকাউন্টাবিলিটি বা জবাবদিহিতা থাকবে মানুষের হাতে।

শেষ কথা

কৃত্রিম বুদ্ধিমত্তা বিপণনের ভবিষ্যৎ বদলে দিচ্ছে এ নিয়ে খুব বেশি সন্দেহের অবকাশ নেই। কিন্তু ভবিষ্যতের সবচেয়ে সফল প্রতিষ্ঠান সেই হবে না যে সবচেয়ে বেশি এআই টুল কিনেছে বা সবচেয়ে বেশি এআই নির্মিত কনটেন্ট তৈরি করেছে। সফল হবে সেই প্রতিষ্ঠান, যে বুঝতে পেরেছে কোথায় কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করতে হবে এবং কোথায় মানুষকে সামনে রাখতে হবে। বাংলাদেশের জন্য এই পরিবর্তন একই সঙ্গে সুযোগ এবং সতর্কবার্তা। একদিকে কৃত্রিম বুদ্ধিমত্তা আমাদের ছোট ব্যবসাকে কম খরচে বড় বাজারে পৌঁছানোর সুযোগ দিতে পারে, উৎপাদনশীলতা বাড়াতে পারে এবং নতুন ধরনের

উদ্যোক্তা ও পেশাজীবী তৈরি করতে পারে। অন্যদিকে দক্ষতার ঘাটতি, ভাষাগত সীমাবদ্ধতা, ডেটার গোপনীয়তা, ভুল তথ্য, এবং কর্মসংস্থানের পরিবর্তন নতুন ঝুঁকি তৈরি করতে পারে।

শেষ পর্যন্ত বিপণন মানুষের জন্যই। মানুষ শুধু তথ্য কেনে না, মানুষ গল্প, অনুভূতি, পরিচয় এবং বিশ্বাস কেনে। কৃত্রিম বুদ্ধিমত্তা সেই গল্পকে আরও দ্রুত, আরও ব্যক্তিগত এবং আরও বিস্তৃত মানুষের কাছে পৌঁছে দিতে পারে। কিন্তু গল্পটি সত্যি কি না, মানুষ সেটি বিশ্বাস করবে কি না সেই সিদ্ধান্ত এখনো মানুষের। তাই বাংলাদেশের বিপণনের ভবিষ্যৎ তাঁদের হাতে থাকবে না যাঁরা অন্ধভাবে সবচেয়ে বেশি কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করবে, বরং তাঁদের হাতেই থাকবে যাঁরা কৃত্রিম বুদ্ধিমত্তার গতি ও নির্ভুলতার সঙ্গে মানুষের অনুভূতি, স্থানীয় সংস্কৃতি, সামাজিক বাস্তবতা এবং দীর্ঘমেয়াদি আস্থাকে সবচেয়ে বুদ্ধিমত্তার সঙ্গে যুক্ত করতে পারবে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।